

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধান প্রকৌশলীর কার্যালয়
গণপূর্ত অধিদপ্তর, পূর্ত ভবন, সেগুনবাগিচা, ঢাকা।

স্মারক নং ২৫.৬৬.০০০০.২১১.১১.৪৫২-২৫-৬২২

তারিখঃ ৭-১১-২০২৬

বিষয়ঃ অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক পদ এর বাছাই পরীক্ষা (MCQ type) এর সময়সূচি, নির্দেশাবলি এবং আসন ব্যবস্থা।

১. সময়সূচি : তারিখঃ ১৮/১১/২০১৬ দিন : শুক্রবার সময় : বিকাল ৩.৩০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত।

প্রার্থীগণকে পরীক্ষা আরম্ভ হওয়ার ৩০ মিনিট পূর্বে পরীক্ষা হলে পৌছাতে হবে।

২. পরীক্ষা সংক্রান্ত জরুরী নির্দেশাবলিঃ


- ক. প্রার্থীদের রোল নম্বর ৬(ছয়) ডিজিট সংবলিত। রোল নম্বরের ডিজিটসমূহ উত্তরপত্রে যথাযথভাবে পূরণ করতে হবে।
- খ. প্রশ্নপত্র বিতরণের পর প্রার্থীকে পরীক্ষা হলে প্রবেশ করতে দেয়া হবে না। প্রশ্নপত্র দেয়ার পর পরীক্ষা শেষ না হওয়া পর্যন্ত কোন প্রার্থী পরীক্ষা কেন্দ্র ত্যাগ করতে পারবেন না।
- গ. প্রবেশপত্র ব্যতীত কোন প্রার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।
- ঘ. প্রার্থীগণ পরীক্ষায় হাত ঘড়ি, পকেট ঘড়ি, ইলেকট্রনিক ঘড়ি, ক্যালকুলেটর ব্যবহার করতে পারবেন না।
- ঙ. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, ব্যাগ, হাত ঘড়ি, পকেট ঘড়ি, ক্যালকুলেটর, ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ঘড়ি সদৃশ মোবাইল ফোন, ক্যালকুলেটর বা কোনরূপ ইলেকট্রনিক ডিভাইস আনা সম্পূর্ণ নিষিদ্ধ। উপরিউক্ত নিষিদ্ধ সমগ্রীসহ কোনো প্রার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না।
- চ. পরীক্ষা চলাকালে পরীক্ষা কক্ষে কোনো প্রার্থীর নিকট হাত ঘড়ি/পকেট ঘড়ি/ইলেকট্রনিক ঘড়ি, মোবাইল ফোন, ইলেকট্রনিক ডিভাইস, ক্যালকুলেটর এবং নিষিদ্ধ ঘোষিত উল্লিখিত সামগ্রী পাওয়া গেলে তা বাজেয়াপ্ত করে তার প্রার্থীতা বাতিল করা হবে। উক্ত প্রার্থীকে হল থেকে বহিষ্কার করে তার বিরুদ্ধে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে।
- ছ. প্রার্থীদেরকে বিশেষভাবে সতর্ক করা হচ্ছে যে, উত্তর পত্রে রোল নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে পূরণ না করলে কোনোরূপ কাটাকাটি করলে উত্তরপত্রে ফুইড লাগালে প্রার্থীর প্রার্থীতা বাতিল হবে।
- জ. পরীক্ষা কেন্দ্রে পরিদর্শকগণ প্রার্থীর প্রবেশপত্রের ছবি, রোল নম্বর এবং জাতীয় পরিচয়পত্র (প্রয়োজনে) পরীক্ষা করবেন। প্রবেশপত্রে উল্লিখিত রোল নম্বর এবং নাম সঠিকভাবে উত্তরপত্রের যথাস্থানে প্রার্থী লিখেছেন কিনা তা নিশ্চিত হয়ে পরিদর্শক হাজিরা তালিকায় প্রার্থীর স্বাক্ষর গ্রহণ করবেন।

বিঃ দ্রঃ প্রার্থীগণ কর্তৃক পূরণকৃত প্রবেশপত্র ডাকযোগে প্রেরণ করা হয়েছে। প্রেরিত প্রবেশ পত্রে কোন অস্পষ্টতা অথবা অসংগতি পরিলক্ষিত হলে কক্ষ নং-২১৬(২য় তলা), পূর্ত ভবন, ঢাকায় আগামী ১৩/১১/২০১৬খ্রিঃ এর মধ্যে যোগাযোগ করার জন্য অনুরোধ জানানো হচ্ছে।

হলভিত্তিক আসন ব্যবস্থা নিম্নে দেয়া হলো :

তারিখঃ ১৮/১১/২০১৬ দিন : শুক্রবার সময় : বিকাল ৩.৩০ টা থেকে ৪.৩০ টা পর্যন্ত।

ক্রমিক নং	হলের নাম	রোল নম্বর		প্রার্থীর সংখ্যা
		থেকে.....	পর্যন্ত	
০১	উদয়ন উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ফুলার রোড, ঢাকা।	২০০০০১ - ২০১৫০০		১৫০০
০২.	অগ্রণী স্কুল এন্ড কলেজ, আজিমপুর, ঢাকা।	২০১৫০১ - ২০৩৩০০		১৮০০
০৩.	ইঞ্জিনিয়ারিং ইউনিভার্সিটি স্কুল এন্ড কলেজ, বুয়েট ক্যাম্পাস, ঢাকা।	২০৩৩০১ - ২০৪৮০০		১৫০০
০৪.	আজিমপুর গার্লস স্কুল এন্ড কলেজ, ঢাকা।	২০৪৮০১ - ২০৬৩০০		১৫০০
০৫.	গভর্নমেন্ট টিচার্স ট্রেনিং কলেজ, মিরপুর রোড, ঢাকা।	২০৬৩০১ - ২০৮১০০		১৮০০
০৬.	গভর্নমেন্ট ল্যাবরেটরি হাই স্কুল, মিরপুর রোড, ঢাকা।	২০৮১০১ - ২১০১০০		২০০০
০৭.	আইডিয়াল কলেজ, সেন্ট্রাল রোড, ধানমন্ডি, ঢাকা।	২১০১০১ - ২১২৩০০		২২০০
০৮.	ধানমন্ডি গভঃ হাই স্কুল, মিরপুর রোড, ঢাকা।	২১২৩০১ - ২১৩৭০০		১৪০০
০৯.	মোহাম্মদপুর মডেল স্কুল এন্ড কলেজ, কলেজ গেইট, ঢাকা।	২১৩৭০১ - ২১৬৪০০		২৭০০
১০.	শেরে বাংলা নগর গভঃ বয়েজ হাই স্কুল, আগারগাঁও, ঢাকা।	২১৬৪০১ - ২১৭৯০০		১৫০০
১১.	শেরে বাংলা নগর গভঃ গার্লস হাই স্কুল, আগারগাঁও, ঢাকা।	২১৭৯০১ - ২১৯৪০০		১৫০০
১২.	আনোয়ারা বেগম মুসলিম গার্লস স্কুল এন্ড কলেজ, নাজিমউদ্দিন রোড, ঢাকা।	২১৯৪০১ - ২২০৯০০		১৫০০
১৩.	ড. শহীদুল্লাহ কলেজ, বকশী বাজার, ঢাকা।	২২০৯০১ - ২২২৪০০		১৫০০
১৪.	বেগম বদরুন্নেসা গভঃ গার্লস কলেজ, বকশী বাজার, ঢাকা।	২২২৪০১ - ২২৫৮০০		৩৪০০
১৫.	সরকারি বিজ্ঞান কলেজ, ফার্ম গেইট, ঢাকা।	২২৫৮০১ - ২২৯৩০০		৩৫০০
১৬.	উইলস লিটল ফ্লাওয়ার স্কুল এন্ড কলেজ, কাকরাইল, ঢাকা।	২২৯৩০১ - ২৩২৯৪৫		৩৬৪৫
সর্বমোট=				৩২,৯৪৫


 (মোঃ নাজিবুর রহমান)
 তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সংস্থাপন)
 গণপূর্ত অধিদপ্তর, ঢাকা।